

পশ্চিমবঙ্গ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ  
বুড়িচং, কুমিল্লা।



স্মারক নং- ৫১.০১.১৯১৮.০০০.৪১.১৪১.২১-

তারিখঃ ২২/০৪/২০২১খ্রিঃ

বিষয়ঃ পবিত্র ঈদ-উল-ফিতর, ২০২১ উপলক্ষে অতি দরিদ্র ও অসহায় দুঃস্থ পরিবারকে ভিজিএফ আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে বরাদ্দকৃত কার্ড ইউনিয়ন ওয়ারী পুনঃবরাদ্দ/বিভাজন প্রসঙ্গে।

সূত্রঃ ২। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১৮.২০.০১০.২০-৫৯, তারিখ : ২১/০৪/২০২১খ্রিঃ।  
২। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১৮.২০.০১০.২০-৫৩, তারিখ : ০১/০৪/২০২১খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিলক্ষিত জ্ঞানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ অর্থবছরে আসন্ন পবিত্র ঈদ-উল ফিতর উপলক্ষে ভিজিএফ কর্মসূচির আওতায় বুড়িচং উপজেলায় ৭৬৭৬টি কার্ডের বিপরীতে অতি দরিদ্র ও অসহায় দুঃস্থ পরিবারের জন্য কার্ড প্রতি ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা হারে আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে সর্বমোট ৩৪,৫৪,২০০/- (চৌত্রিশ লক্ষ চুয়ান হাজার দুইশত) টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দপ্রাপ্ত ভিজিএফ কার্ড অর্থসহ নিম্নবর্ণিত ২২টি ইউনিয়নের নামের পার্শ্বে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের অনুকূলে উল্লিখিত হারে বর্ণিত শর্তাবলীর আলোকে পুনঃ বরাদ্দ প্রদান করা হলো।

ক্রমিক	ইউনিয়নের নাম	পুনঃবরাদ্দকৃত কার্ড সংখ্যা	বরাদ্দকৃত আর্থিক সহায়তার পরিমাণ (টাকা)
১	রাজাপুর	৭৬০	৩,৪২,০০০/-
২	বাকশীমুল	৮০৫	৩,৬২,২৫০/-
৩	বুড়িচং	৯৭৫	৪,৩৮,৭৫০/-
৪	ষোলনল	৯১৫	৪,১১,৭৫০/-
৫	পীরযাত্রাপুর	৬৪৫	২,৯০,২৫০/-
৬	ময়নামতি	১১৫০	৫,১৭,৫০০/-
৭	মোকাম	১২২৫	৫,৫১,২৫০/-
৮	ভারেনা (উঃ)	৫২৬	২,৩৬,৭০০/-
৯	ভারেনা (দঃ)	৬৭৫	৩,০৩,৭৫০/-
সর্বমোট=		৭,৬৭৬	৩৪,৫৪,২০০/- টাকা

শর্তাবলী:

- ১। তালিকা প্রণয়নে ও বিতরণে মাননীয় সংসদ সদস্যকে আবশ্যিকভাবে অবহিত করতে হবে।
- (ক) আদশুমারী ২০১১ এর জনসংখ্যা অনুযায়ী ওয়ার্ড ভিত্তিক বরাদ্দকৃত ভিজিএফ কার্ড সংখ্যা পুনঃবিভাজন করে তালিকা প্রস্তুত করতে হবে।
- (খ) মোট উপকারভোগীর মধ্যে ৭০% মহিলাকে আবশ্যিকভাবে তালিকায় অন্তর্ভুক্ত নিশ্চিত করতে হবে।
- (গ) বরাদ্দকৃত অর্থ বিতরণে মন্ত্রিপরিষদ বিভাগের ১২.০৪.২০২১খ্রিঃ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০নং স্মারকে কোডিড-১৯ এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ করার কর্মহীন হওয়া ব্যক্তিদেরকে অগ্রাধিকার প্রদান করতে হবে।
- (ঘ) দুঃস্থ/অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সম্প্রতিক বন্যাক্রান্ত ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ/অতিদরিদ্রকে অগ্রাধিকার দিতে হবে।
- (ঙ) নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ৪টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/পরিবার দুঃস্থ/ অতিদরিদ্র বলে গণ্য হবে।
  ১. যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ি ছাড়া কোন জমি নেই।
  ২. যে পরিবার দিন মজুরের আয়ের উপর নির্ভরশীল।
  ৩. যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল।
  ৪. যে পরিবারে উপার্জনক্ষম পূর্ণ বয়স্ক কোন পুরুষ সদস্য নেই।
  ৫. যে পরিবারে স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়।
  ৬. যে পরিবারের উপার্জনশীল কোন সম্পদ নেই।
  ৭. যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্ত বিধ্বস্ত বা ভালাকপ্রাপ্তা মহিলা।
  ৮. যে পরিবারের প্রধান অসচ্ছল সুস্থিযোগ্য।
  ৯. যে পরিবারের প্রধান অসচ্ছল ও অক্ষম প্রতিবন্ধি।
  ১০. যে পরিবার কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয়নি।
  ১১. যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/অর্থ সংকটে পড়েছে।
  ১২. যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময়ে দু'বেলা খাবার পায়না।

৫